

১) শিশুদের জন্য ৩ থেকে ৪ বৎসর মেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। প্রশিক্ষণের বিষয়গুলো হচ্ছে-সংগীত, নৃত্য, চিত্রাংকন, আবৃত্তি, অভিনয়, তবলা, গীটার, কী-বোর্ড ও কম্পিউটার।

২) ৬ থেকে ১২ বৎসর শিশুদের (আসন সংখ্যা সীমিত) লটারীর মাধ্যমে মনোনীত করে নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে। প্রশিক্ষণ কোর্স শেষে সর্বশেষ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের সার্টিফিকেট দেয়া হয়।

৩) সুবিধা বঞ্চিত শিশুদের জন্য বিনামূল্যে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ রয়েছে।

৪) চট্টগ্রাম সরকারি শিশু সদনের ছাত্রীদের শিশু একাডেমী, চট্টগ্রামের মাধ্যমে সপ্তাহে ২ দিন সংগীত বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়।

৫) ৩-৫ বৎসর মেয়াদী বয়সী শিশুদের মেধা বিকাশের লক্ষ্যে শিশু বিকাশ কেন্দ্র ও ৪-৬ বৎসরের শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে গড়ার উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে প্রাক প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। উভয় কার্যক্রমে দুঃস্থ শিশুদেরকে অগ্রাধিকার দেয়া হয়। বর্তমানে ২টি শিক্ষা কেন্দ্র চট্টগ্রাম অফিসার্স ক্লাবে পরিচালিত হচ্ছে।

৬) গুরুত্ব বিবেচনা করে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা হয়। এ সকল অনুষ্ঠানে সকল শ্রেণির শিশুদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

৭) এছাড়া বিশ্ব শিশু দিবস, শিশু অধিকার সপ্তাহ, বাংলা নববর্ষ উদযাপন, শিশুদের শিক্ষা সফর, শিশু আনন্দমেলা ও রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তীসহ অন্যান্য গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে আলোচনা সভা, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও সময়ে সময়ে শিশু চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা হয়। অনুষ্ঠানসমূহে সকল শ্রেণির শিশুদের ব্যাপক অংশগ্রহণের সুযোগ রয়েছে।

৮) দেশ ও বিদেশের ৪০৪০টি গ্রন্থের একটি গ্রন্থাগার সকল শিশুদের জন্য উন্মুক্ত। এ গ্রন্থাগারে শিশু ছাড়াও সর্বসাধারণের জন্য উন্মুক্ত। গ্রন্থাগারটি প্রশিক্ষণ ভবনের ২য় তলায় অবস্থিত। গ্রন্থাগারটি সপ্তাহে শনি ও রবিবার ব্যতিত প্রতিদিন সকাল ১০টা হতে বিকেল ৬টা পর্যন্ত খোলা থাকে।

৯) শিশুরা সদস্য হয়ে নির্ধারিত সময়ের জন্য বই বাড়ীতে নেয়ার সুযোগ রয়েছে।

১০) কেন্দ্রীয় কার্যালয়ে নির্দেশ মতে গ্রন্থাগার ভিত্তিক শিক্ষামূলক কার্যক্রম ও প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের মেধা বিকাশের সুযোগ রয়েছে।

১১) কেন্দ্রীয় কার্যালয়ের নির্দেশ মতে গ্রন্থাগার ভিত্তিক শিক্ষামূলক কার্যক্রম ও প্রতিযোগিতার মাধ্যমে শিশুদের মেধা বিকাশের সুযোগ রয়েছে।

১২) প্রশাসনিক ভবনের ২য় তলায় দর্শনীয় বিভিন্ন চার্ট ও বিশিষ্ট ব্যক্তিদের শিল্পকর্মের জাদুঘরটি শিশুসহ সর্বসাধারণের জন্য উন্মুক্ত।

১৩) জাদুঘর পরিদর্শনের জন্য কোন প্রকার প্রবেশ মূল্যের প্রয়োজন হয় না।

১৪) কেন্দ্রীয় কার্যালয় কর্তৃক শিশুদের পাঠাভ্যাস গড়ে তোলার লক্ষ্যে দেশের খ্যাতিমান লেখকদের লেখা বই ও মাসিক 'শিশু' পত্রিকা পত্রিকা প্রকাশিত হয় এবং এই পত্রিকার শিশুদের লেখা ও আঁকা ছবি প্রকাশের ব্যবস্থা রয়েছে।

১৫) শিশুদের জন্য উল্লেখযোগ্য প্রকাশনা হচ্ছে-শিশু বিশ্বকোষ, মাসিক শিশু পত্রিকা, মনীষীদের জীবনী, কবিতা, ছড়া, গল্প, নাটক, উপন্যাস, বিজ্ঞান বিষয়ক গ্রন্থ ইত্যাদি প্রকাশিত গ্রন্থ ও মাসিক শিশু পত্রিকাসমূহ লাইব্রেরি থেকে ক্রয় করার সুযোগ রয়েছে।

১৬) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন চিত্রাংকন প্রতিযোগিতায় শিশুদের অংশগ্রহণের ক্ষেত্রে সহযোগিতা প্রদান করা হয়।

১৭) বাংলাদেশ শিশু একাডেমী, চট্টগ্রামে ২৫০ আসনে বসার মত একটি কক্ষ রয়েছে। অরাজনৈতিক কর্মকান্ড বা সাংস্কৃতিক কর্মকান্ডের জন্য নির্ধারিত হারে ভাড়া দেয়া হয়।

১৮) বিভিন্ন তথ্য, অনুসন্ধান, অভিযোগ ও পরামর্শ প্রদানের সুযোগ রয়েছে।

১৯) বাংলাদেশ শিশু একাডেমী কেন্দ্রীয় কার্যালয়সহ ৬৪টি জেলা কার্যালয়ের মাধ্যমে শিশুদের সার্বিক উন্নয়নে একযোগে কাজ করে যাচ্ছে।